চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯

স্মারক নং: চুয়েট/একা-২/পার্ট-২৪/২০৪ তারিখঃ ১০/০৪/২০২৫ ইং।

**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

# লেভেল-১ স্নাতক কোর্সে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫) (২য় পর্যায়)

২০২৪-২৫ শিক্ষাবর্ষে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর লেভেল-১ স্নাতক কোর্সের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য ০১/০২/২০২৫ ইং তারিখ শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা হতে ০৯/০৪/২০২৫ ইং এবং ১০/০৪/২০২৫ ইং তারিখে ১ম পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়। ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রাপ্ত বিভাগ ও বিভাগওয়ারী খালি আসনের সংখ্যা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট admissioncuet.ac.bd -এ প্রদান করা হয়েছে। ১ম পর্যায়ে ভর্তির পর আসন খালি থাকায় নিম্নবর্ণিত মেধাক্রমধারী প্রার্থীদের আগামী ২৩/০৪/২০২৫ ইং তারিখে ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

| তালিকা | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | স্থাপত্য বিভাগ | তারিখ, সময়সূচি ও স্থান |
|---|---|---|---|
| মূল মেধা তালিকা | মেধাক্রম: ১৫০১-২৫০০ | মেধাক্রম: ১০১-১৫০ | ২৩/০৪/২০২৫ ইং বুধবার সকাল ০৯.৩০ ঘটিকা থেকে বিকাল ০৩.৩০ ঘটিকা পর্যন্ত স্থান: কেন্দ্রীয় অডিটোরিয়াম |

**উপরোক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত শিক্ষার্থীদের আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। আসন সংখ্যার চেয়ে বেশি প্রার্থী উপস্থিত হলে উক্ত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী একটি তালিকা সংরক্ষন করা হবে। পরবর্তীতে উক্ত তালিকা হতে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য প্রার্থীদের পর্যায়ক্রমে ডাকা হবে।**

## প্রার্থীদের করণীয়

উপরোক্ত ছকে মেধাক্রমধারী প্রার্থীদের https://admissioncuet.ac.bd লিংকে প্রবেশ করে Login করতে হবে। পূর্বে পূরণকৃত "Admission Application Form" এবং Dashboard এ নির্দেশিত অন্যান্য সকল ফরম download পূর্বক পূরণ করে প্রিন্টেড কপি ভর্তির সময় নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, প্রার্থী যদি Admission Application Form পূর্বে পূরণ করে না থাকে তবে ভর্তির দিন তা পূরণের সুযোগ পাবে। নিরীক্ষা কমিটি দ্বারা শিক্ষার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

পরের দিন (২৪/০৪/২০২৫ ইং) সকালে প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) সোনালী ব্যাংক, চুয়েট শাখায় বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। তবে কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষা শেষে একই দিন ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যাংকে জমা দিতে পারবে।

**ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:**

১. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৩. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল রেজিষ্ট্রেশন কার্ড।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৬. সদ্য তোলা (অনধিক ০৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
৭. স্বাক্ষর সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
৮. সংরক্ষিত আসনে ভর্তির জন্য রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতিয়তার প্রমাণ স্বরূপ (১) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং (২) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ০২ (দুই) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে। এছাড়া যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত উপজাতীয়তার প্রমানের সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।

## স্বাস্থ্য পরীক্ষা:

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ক্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে "Blood Group Test" এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিকেল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট চিকিৎসা বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯

**ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:**

- প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।
- ২য় পর্যায়ে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ ও মোট শূন্য আসন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তদানুযায়ী পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৭/০৪/২০২৫ ইং এর মধ্যে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারনে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto Migration চলবে।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto Migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের ০৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্য কারনবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১৪৮ এবং ০১৭৫৯১২৩১০৩ নম্বরে যোগাযোগ করা যাবে।

২০/০৪/২০২৫

**অধ্যাপক ড. সুদীপ কুমার পাল**
সভাপতি
লেভেল-০১ স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২৫)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তিটি ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহকারে)
২. সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট। (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৩. সংরক্ষন নথি।

২০/০৪/২০২৫

**অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির**
সচিব ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
লেভেল-০১ স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২৫)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়